গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
কল্যাণ-১ শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০১২.১৯.০০২০.১৯.৩৭২

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৭ নভেম্বর ২০২৬

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ২০২৬-২০২৭ অর্থবছরে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান।

সূত্র: (ক) সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল এর স্মারক নং-ওমেকহাসি/এমআইএস/২০২৬/ ৩৩০৪, তারিখ: ৭-৭-২০২৬ খ্রি.।
(খ) সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল এর স্মারক নং-ওমেকহাসি/এমআইএস/২০২৬/ ৪৭৭৭, তারিখ: ৮-৯-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ দ্বারা বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের পরিপত্র, নীতিমালা ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে বিশেষায়িত সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল এর অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা (চেক নং এসবি-১০ ৬৬৫৮৯৬৯, তারিখ: ১৫/১১/২০২৬ খ্রি., সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো।

০২। এই ব্যয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মুক্তিযোদ্ধাদের কল্যাণে দেশের সরকারি হাট বাজার ইজারালব্ধ আয়ের ৪% অর্থের তহবিল হতে নির্বাহ করা হবে।

০৩। শর্তাবলী:

ক) বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীসহ তাদের স্ত্রী বা স্বামীর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল এর প্রধান বা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;

খ) প্রদত্ত বরাদ্দ সংশ্লিষ্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের পরিপত্র ও বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীগণের কল্যাণে হাট ও বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২৫ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং স্বাস্থ্য সেবা বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুসারে ব্যয় করবেন;

গ) বরাদ্দকৃত অর্থ দ্বারা চিকিৎসার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমাণক হিসেবে দাখিলকৃত ডকুমেন্টের তথ্যাদি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত 'সমন্বিত তালিকা' বা 'এমআইএস' যাচাইপূর্বক চিকিৎসা সুবিধা প্রদান করবেন। সমন্বিত তালিকাভুক্ত হওয়া সত্ত্বেও যদি কোনো বীর মুক্তিযোদ্ধা যুদ্ধাহত গেজেট বা খেতাবপ্রাপ্ত গেজেটভুক্ত হয়ে থাকেন তবে তিনি/তাঁরা এ সুবিধা প্রাপ্য হবেন না;

ঘ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

ঙ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ব্যাংক একাউন্টে (সঞ্চয়ী হিসাব নং ০২০০০০১২১১০৫২, অগ্রণী ব্যাংক পিএলসি, জাতীয় প্রেস ক্লাব শাখা, ঢাকা অথবা সঞ্চয়ী হিসাব নং ৪৪২৬৩৩৪১৯১৫৫৪, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা) ফেরত প্রদানপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। অব্যয়িত অর্থ পরবর্তী অর্থবছরেও ব্যয় করা যাবে, তবে সেক্ষেত্রে অব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখপূর্বক প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং পরবর্তী অর্থবছরে ব্যয়ের অনুমোদন নিতে হবে;

চ) বরাদ্দকৃত অর্থ বিশেষায়িত সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক পরিচালিত 'বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান সংক্রান্ত তহবিল' নামক SNTD/Saving একাউন্টে সংরক্ষণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ছ) বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট খাত ব্যতীত অন্য কোনো খাতে ব্যয় করা যাবে না। অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

জ) হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় চিকিৎসা সুবিধার অতিরিক্ত একজন বীর মুক্তিযোদ্ধার বিপরীতে সাকুল্যে বাৎসরিক সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা'র চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে। নীতিমালায় যা কিছুই উল্লেখ থাকুক না কেন, বীর মুক্তিযোদ্ধাকে তাঁর নিজস্ব ব্যয়ে প্রয়োজনে এক বা একাধিকবার চিকিৎসা গ্রহণের সুযোগ নিশ্চিত করতে হবে;

(ঝ) তবে শর্ত (জ) বহাল থাকা সত্ত্বেও বিশেষায়িত হাসপাতালে বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীগণের জটিল রোগের চিকিৎসা বা মুমূর্ষু রোগীর জরুরি অপারেশন ও চিকিৎসা প্রদানের ক্ষেত্রে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে, উক্ত বিশেষায়িত হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক চিকিৎসা বাবদ বাৎসরিক সাকুল্যে অনধিক ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ব্যয় করা যাবে;

ঞ) বিশেষায়িত হাসপাতালসমূহে বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীদের স্ত্রী বা স্বামী এর সাধারণ ও জটিল রোগের চিকিৎসার জন্য বাৎসরিক অনধিক ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে।

ট) তবে শর্ত (ঞ) বহাল থাকা সত্ত্বেও বিশেষায়িত হাসপাতালে বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীদের স্ত্রী বা স্বামী এর জটিল রোগের চিকিৎসা বা মুমূর্ষু রোগীর জুরুরি অপারেশন ও চিকিৎসা প্রদানের ক্ষেত্রে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে, উক্ত বিশেষায়িত হাসপাতালে তাদের চিকিৎসা বাবদ বাৎসরিক সাকুল্যে অনধিক ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পর্যন্ত ব্যয় করা যাবে;

ঠ) কোনা বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীর একাধিক স্ত্রী থাকলে উপরিউক্ত শর্ত (ঞ) ও (ট) এর আলোকে প্রদেয় চিকিৎসা সুবিধার পরিমাণ তাদের প্রত্যেকের মধ্যে সমহারে বিভাজিত হবে এবং তারা সে মোতাবেক চিকিৎসা সুবিধা প্রাপ্য হবে।

ঢ) বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীর স্ত্রী/স্বামীর নামসহ অন্যান্য তথ্য Health Module সফটওয়্যারে পাওয়া গেলে তার সঠিকতা যাচাইয়ান্তে তাদের চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে;

ড) ভর্তিকালীন চিকিৎসার জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনে নির্ধারিত এক বা একাধিক ঔষধের দোকান থেকে ঔষধ নেওয়া যাবে। এ ক্ষেত্রে মাসিক ভিত্তিক ব্যয় যাচাই করে হাসপাতাল কর্তৃপক্ষ বিল পরিশোধ করবেন। ঔষধের মূল্যে কোনো ক্রমেই খুচরা মূল্যের চেয়ে বেশি হবে না। হাসপাতাল ত্যাগের সময় ১৫ দিনের ঔষধ আগাম বীর মুক্তিযোদ্ধাদের ক্রয় করে দেওয়া যাবে। শুধুমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এ প্রকাশিত 'সমন্বিত তালিকা' বা 'এমআইএস' তালিকাভুক্ত সকল জীবিত বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধের সহযোগীদের স্ত্রী বা স্বামী এ চিকিৎসা সেবা পাওয়ার অধিকারী হবেন।

ণ) হাসপাতালে অসুস্থ বীর মুক্তিযোদ্ধার জন্য প্রয়োজনীয় ঔষধ সরবরাহসহ সর্বোত্তমভাবে সকল চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে। সকল ধরণের চিকিৎসা পরামর্শ, শল্য চিকিৎসা, হাসপাতাল কর্তৃক সরবরাহযোগ্য ঔষধ, বেড সরবরাহ, পথ্য এবং নার্সিং ইত্যাদি চিকিৎসা সেবার অন্তর্ভুক্ত হবে;

ত) বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম পর্যালোচনা বা পরীক্ষা এবং বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার যাচাই করার লক্ষ্যে বিধি মোতাবেক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। এ মন্ত্রণালয়ের ২০/০১/২০২৬ তারিখে জারিকৃত পরিপত্রের অনুচ্ছেদ ৬ অনুযায়ী চিকিৎসা সেবার মান ও ব্যয় যাচাই কমিটির সভার কার্যবিবরণী এবং অনুচ্ছেদ-৭ অনুযায়ী **নিরীক্ষা প্রতিবেদন** দাখিল নিশ্চিত করতে হবে। **চিকিৎসা গ্রহণকারী রোগীর আইডি/রেজি:নম্বর আবিশ্যকভাবে ব্যয় বিবরণীর সাথে দাখিল করতে হবে।**

থ) বর্ণিত চিকিৎসা সেবা হাসপাতালে ভর্তিকৃত/আউটডোর দুই ধরণের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাদের প্রদান করা যাবে। বীর মুক্তিযোদ্ধার সন্তানগণ এ সুবিধা প্রাপ্য হবে না।

দ) কোনোভাবেই বীর মুক্তিযোদ্ধাদেরকে নগদে বা চেকের মাধ্যমে অর্থ প্রদান করা যাবে না।

ধ) ব্যয় বিবরণী Health Module সফটওয়্যারে অন্তর্ভুক্তপূর্বক প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সংযুক্তি: ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার ১টি চেক (নং এসবি-১০ ৬৬৫৮৯৬৯, তারিখ: ১৫/১১/২০২৬ খ্রি., সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা) ।

১৭/১১/২০২৫

(মো: আক্তার হোসেন)
উপসচিব
টেলিফোন: ০২২২৬৬৪২১৫৮

পরিচালক
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল
সিলেট।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৩। অতিরিক্ত সচিব (কল্যাণ ও ভাতা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৪। বিভাগীয় কমিশনার, সিলেট:
৫। মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৬। সিস্টেম এনালিষ্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (আর্থিক বরাদ্দ প্রদান পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৮। উপ-মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা (ইস্যুকৃত চেকের অর্থ ছাড়করণের অনুরোধসহ);
৯। সংরক্ষণ কপি।